84

তারিখ ... APR 26 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 7

দৈনিক ইত্তেফাক

# আজ সারাদেশে শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ শুরু

**সামছুল ইসলাম ॥** আজ (সোমবার) থেকে সারাদেশে শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ শুরু হচ্ছে। স্বল্প সময়ের মধ্যে এই জরিপ কাজ সম্পন্ন করার নির্দেশ দেয়ায় জরিপ কার্যক্রম কতটুকু সাফল্য অর্জিত হবে তা নিয়ে সংশয় দেখা দিয়েছে। পবিত্র আশুরায় ১ দিনের সরকারী ছুটির দিনসহ ৩ দিনের মধ্যে শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ কাজ সম্পন্ন করার জন্য সারাদেশের সরকারী ও রেজিষ্টার প্রাইমারী বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের নির্দেশ দেয়া হয়েছে। এতে শিক্ষকদের মাঝে চরম অসন্তোষ দেখা দিয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ প্রত্যেক বিদ্যালয়ে জানুয়ারী মাসে শিক্ষা পক্ষের মধ্যে শিশু জরিপের কাজ সম্পন্ন করা হয়। ১৯৯৯ সালের শিশু জরিপের নির্দেশিকায় ও জানুয়ারী-ফেব্রুয়ারী মাসে শিশু জরিপের কাজ সম্পন্ন করার কথা উল্লেখ থাকা সত্ত্বেও কর্তৃপক্ষের চরম উদাসীনতার দরুন উক্ত সময়ে শিশু জরিপ কাজ শুরু করা সম্ভব হয়নি। প্রাথমিক বিদ্যালয়ে ৬০% মহিলা শিক্ষক। এই প্রচণ্ড গরমের মধ্যে প্রত্যেক গৃহে গৃহে উপস্থিত হয়ে ৩ দিনের মধ্যে শিশু জরিপ কাজ সম্পন্ন করতে হবে। স্বল্প সময়ে জরিপ কাজ সম্পন্ন করার নির্দেশ দেয়ায় শিক্ষক-শিক্ষিকারা চরম হতাশায় দিন কাটাচ্ছে। শিশু জরিপ নির্দেশিকায় পরিবার প্রধানসহ ১ দিনের বয়স পর্যন্ত সদস্যদের বিভিন্ন তথ্য লিপিবদ্ধ করার নির্দেশ দেয়ায় শিক্ষকদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। কর্তৃপক্ষ ৩ দিনের মধ্যে শিশু জরিপ কাজ সম্পন্ন না হলে আগামী ১ মে'র মধ্যে শিশু জরিপ সম্পন্ন করার জন্য মৌখিকভাবে নির্দেশ দিয়েছে।